

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-২ শাখা
www.emrd.gov.bd

নং- ২৮.০০.০০০০.০২৭.৪৩.০০১.১৬.০৬

তারিখ: ০৪-০১-২০১৮

বিষয়: এলপি গ্যাস অপারেটর হিসেবে কার্যক্রম পরিচালনার প্রাথমিক অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ে Beximco Petroleum Ltd. এর আবেদনের পরিপ্রেক্ষিতে দেশব্যাপী ৫০০টি অটোগ্যাস ফিলিং স্টেশন ও ২৫টি অটোগ্যাস ওয়ার্কশপ/কারখানা স্থাপনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাদি ও প্রচলিত বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে অপারেটর হিসেবে কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশক্রমে এ বিভাগের প্রাথমিক অনুমোদন প্রদান করা হলো:

- (ক) এলপি গ্যাস অপারেটরের এলপিগ্যাস প্র্যান্ট ও সংশ্লিষ্ট স্থাপনা নির্মাণের ক্ষেত্রে জননিরাপত্তার স্বার্থে আবাসিক ও জনবহুল এলাকা পরিহার করতে হবে।
- (খ) এলপি গ্যাস অপারেটরের ব্যবসা পরিচালনা করার ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণে সর্বমোট ন্যূনতম ৫,০০০ (পাঁচ হাজার) মেট্রিক টন ধারণ ক্ষমতার এলপি গ্যাস মজুদ ট্যাংক নির্মাণ করতে হবে এবং বাক্স এলপি গ্যাস পরিবহনের জন্য প্রয়োজনীয় সংখ্যক এলপি গ্যাস রোড ট্যাংকার অথবা নৌপথে চালিত এলপি গ্যাস পরিবহনযান থাকতে হবে।
- (গ) এলপি গ্যাস অপারেটরের আর্থিক সক্ষমতার পক্ষে ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগ নিশ্চয়তাপত্র (Financial Commitment Letter for Investment) অথবা নিজস্ব অর্থের সক্ষমতার প্রমাণপত্র থাকতে হবে।
- (ঘ) এলপি গ্যাস অপারেটর কর্তৃক সরবরাহকৃত গ্যাস কোন শ্রেণি বা ধরনের ভোক্তাদের সরবরাহ করা হবে তা সুনির্দিষ্টভাবে নির্ধারণ করতে হবে।
- (ঙ) এলপি গ্যাস অপারেটরকে প্রাথমিক অনুমতিপ্রাপ্ত প্রাপ্তির ২(দুই) বছরের মধ্যে এ নীতিমালার শর্ত পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট সরকারী দপ্তরসমূহ থেকে প্রয়োজনীয় অনুমোদন বা লাইসেন্স বা অনাপত্তিপত্র সংগ্রহপূর্বক প্র্যান্ট নির্মাণের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে চূড়ান্ত অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে আবেদন করতে হবে। যৌক্তিক কারণে উল্লিখিত শর্ত পূরণে ব্যর্থ হলে সরকার আরো ১(এক) বছর সময় বৃদ্ধি করতে পারবে। তবে শর্ত থাকে যে, বর্ধিত ১(এক) বছর সময় অতিক্রান্ত হওয়ার সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে প্রাথমিক অনুমতি বাতিল বলে গণ্য হবে।
- (চ) এলপি গ্যাস অপারেটর কর্তৃক টার্মিনাল, বটলিং প্র্যান্ট অথবা স্থাপনা নির্মাণ ও পরিচালনার লক্ষ্যে সরকারের প্রণীত "এলপি গ্যাস বটলিং প্র্যান্ট স্থাপনের নীতিমালা, ২০১৬" এ বর্ণিত অন্যান্য শর্তাবলি, প্রযোজ্য ক্ষেত্রে, এ নীতিমালায় আবশ্যিকভাবে বলবৎ থাকবে।
- (ছ) এলপি গ্যাস অপারেটর কর্তৃক অটোগ্যাস স্টেশনের জ্বালানি সরবরাহ করার ক্ষেত্রে অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন অথবা স্থাপনা নির্মাণ ও পরিচালনার লক্ষ্যে সরকার প্রণীত "তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (অটোগ্যাস) রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ নীতিমালা, ২০১৬" এ বর্ণিত অন্যান্য শর্তাবলি, প্রযোজ্য ক্ষেত্রে, এ নীতিমালায় আবশ্যিকভাবে বলবৎ থাকবে।
- (জ) এলপি গ্যাস অপারেটরের স্থাপিত ও পরিচালিত সকল টার্মিনাল, প্র্যান্ট ও স্থাপনার ক্ষেত্রে সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীত সকল আইন, বিধি, নীতিমালা, আদেশ এবং শর্তাবলি প্রযোজ্য হবে।
- (ঝ) প্র্যান্ট স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে আগ্রহী প্রতিষ্ঠানকে পরিবেশ অধিদপ্তর, বিস্ফোরক পরিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জেলা প্রশাসন, স্থানীয় সরকার, বিনিয়োগ বোর্ড (প্রযোজ্য ক্ষেত্রে), বাংলাদেশ স্ট্যান্ডার্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই), বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি)-সহ সরকারের বিধিবদ্ধ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর থেকে প্রয়োজনীয় অনুমোদন/লাইসেন্স গ্রহণের পর এলপি গ্যাস অপারেটর হিসেবে কার্যক্রম পরিচালনার জন্য সরকারের অনুমতি গ্রহণপূর্বক বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর সাথে একটি চুক্তি সম্পাদন করতে হবে।
- (ঞ) "এলপি গ্যাস অপারেশনাল লাইসেন্সিং নীতিমালা, ২০১৭" যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- (ট) উপরে উল্লিখিত শর্তসমূহ ছাড়াও এলপি গ্যাস অপারেটরকে সকল অবকাঠামো নির্মাণ ও পরিচালনার জন্য সরকার প্রণীত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বিধিমালা, ২০০৪; গ্যাস সিলিডার বিধিমালা, ১৯৯১ ও গ্যাসাধার বিধিমালা, ১৯৯৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে।



(আকরামুজ্জামান)

উপসচিব

ফোন: ৯৫৪৯৩৪০

E-mail: ope2emrd@gmail.com

চেয়ারম্যান

বেস্কিমকো পেট্রোলিয়াম লিমিটেড

১৭, ধানমন্ডি আর/এ, রোড নং-২, ঢাকা-১২০৫।

অনুলিপি:

- ১। চেয়ারম্যান, বিপিসি, চট্টগ্রাম।
- ২। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।